

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প বাস্তবায়ন ইউনিট  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)  
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

বিল ব্যবস্থাপনার অংশ হিসেবে সমাজভিত্তিক মৎস্য ব্যবস্থাপনার আওতায় মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন সংশ্লিষ্ট  
Fishing Code প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকাপত্র

১. উদ্দেশ্য:

বিল সংশ্লিষ্ট সুফলভোগীদের স্বার্থ সংরক্ষণ করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য সংরক্ষণ বিধিমালার আলোকে প্রকল্পভুক্ত প্রতিটি বিলের জন্য Fishing Code প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদান করা।

২. Fishing Code প্রণয়ন ও বাস্তবায়ন

- ২.১. প্রকল্পভুক্ত প্রতিটি বিলের জন্য গঠিত সমাজভিত্তিক সিআইজি তাদের নিজ নিজ বিলের জন্য Fishing Code প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত।
- ২.২. সমাজভিত্তিক সিআইজি দলের কার্যনির্বাহী কমিটি সংশ্লিষ্ট উপজেলা মৎস্য অফিসের পরামর্শক্রমে এতদসংক্রান্ত কার্যক্রম চূড়ান্ত করবেন। গৃহীত কার্যক্রম যেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট আইন বিধিমালা ইত্যাদির সাথে সাংঘর্ষিক না হয় সেটি উপজেলা মৎস্য কার্যালয় বিশেষভাবে নিশ্চিত করবেন।
- ২.৩. সমাজভিত্তিক সিআইজি দলের কার্যনির্বাহী কমিটি এবং উপজেলা মৎস্য অফিস Fishing Code প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে মৎস্য সম্পর্কিত সরকার কর্তৃক প্রণীত আইন, বিধিমালা, নীতি অনুসরণ করবেন।
- ২.৪. গৃহীত কার্যক্রম সমিতির বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।
- ২.৫. পরবর্তীতে যথাসময়ে Fishing Code প্রণয়ন ও বাস্তবায়নের সকল কাজের বিস্তারিত নিয়মাবলি সম্পর্কে সমাজভিত্তিক সিআইজি কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবেন।
- ২.৬. Fishing Code প্রণয়ন ও বাস্তবায়ন সহায়ক হিসেবে প্রকল্পে কিছু অর্থের সংস্থান আছে যা যথাসময়ে প্রকল্প কর্তৃপক্ষ উপজেলা অফিসের মাধ্যমে বিলসমূহের জন্য প্রেরণ করবেন। উল্লেখ্য, অর্থ বরাদ্দপত্রে উল্লেখিত ব্যয় সংক্রান্ত নির্দেশাবলি পুরোপুরি মেনে চলতে হবে।
- ২.৭. এই সকল যাবতীয় সিদ্ধান্ত সম্পর্কে কেবল কার্যনির্বাহী পরিষদের সকল সদস্যই নন বরং সকল সুফলভোগীকে অবগত রাখতে হবে। এ বাপারে কার্যনির্বাহী কমিটি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।
- ২.৮. সংশ্লিষ্ট সিআইজি দল তাদের কার্যক্রমে এতদসংক্রান্ত যেসব কার্যক্রম অন্তর্ভুক্ত করতে পারেন তা প্রধানতঃ সভা অনুষ্ঠান, কার্যক্রম প্রণয়ন, প্রচারণা (সাইন বোর্ডসহ), তদারকি (উপজেলা মৎস্য অফিস কর্তৃক সময়ে সময়ে পরিচালিত বা মোবাইল কোর্টসহ), ইত্যাদি।
- ২.৯. Fishing Code এর আওতায় প্রধানত যেসব বিষয় সীমিতকরণ (restriction) আসবে তা হলো: প্রজাতিভিত্তিক মৎস্য আহরণের নিষিদ্ধ সময় নির্ধারণ; আহরিতব্য প্রজাতি চিহ্নিতকরণ; আহরণযোগ্য মাছের প্রজাতিভিত্তিক আকার (size) নির্ধারণ; মাছ ধরার সরঞ্জামাদি (Fishing Gears) জাল; জালের প্রকার; প্রয়োজন হলে প্রজাতিভিত্তিক আহরণযোগ্য মাছের সর্বোচ্চ পরিমাণ নির্ধারণ; ক্ষতিকর দ্রব্যাদি ব্যবহার করে মৎস্য আহরণ নিষিদ্ধকরণ, বিলের চিহ্নিত এলাকায় বিল নার্সারী/অভয়াশ্রম স্থাপন, ইত্যাদি।

৩. সংশ্লিষ্ট যাবতীয় তথ্য লিপিবদ্ধকরণ, সংরক্ষণ ও পিআইইউ, ডিওএফকে অবহিতকরণ

৩.১. প্রতি বিলের বেইজলাইন ডাটা সংরক্ষণ ও পিআইইউ, ডিওএফ এ প্রেরণ করবেন।

৩.২. পরিবীক্ষণ ও মূল্যায়নের স্বার্থে সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কার্যালয় এবং সংশ্লিষ্ট সিআইজি নির্বাহী কমিটি Fishing Code প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত সকল তথ্য নিজ নিজ দায়িত্ব অনুসারে লিপিবদ্ধ এবং সংরক্ষণ করবেন। সকল তথ্য যথাসময়ে পিআইইউ, ডিওএফ বরাবরে প্রেরণ করবেন। কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত ধাপসমূহের স্থিরচিত্র ও ভিডিও চিত্র সংরক্ষণ ও প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন।

৩.৩. উপর্যুক্ত উদ্দেশ্যে সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কার্যালয় Fishing Code প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ক সকল মাঠ পর্যায়ের কাজের তদারকি জোরদার করবেন।

৪. সংশ্লিষ্ট কার্যক্রমের প্রচারণার স্বার্থে ব্যবহৃতব্য সাইন বোর্ডের একটি নমুনা নিম্নে প্রদত্ত:

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)  
এর আওতাভুক্ত বিলে মাছ ধরার নির্দেশনা সংক্রান্ত নোটিশ

১. বিলের নাম:

২. বিলের সীমানা ও আয়তন (মৌজা ইত্যাদিসহ):

৩. সমাজভিত্তিক সিআইজিদলের-

- নাম:
- প্রতিষ্ঠাকাল:
- সরকার কর্তৃক অনুমোদিত কার্যকাল মেয়াদ:
- সিআইজি দলের বর্তমান কার্যনির্বাহী কমিটির মেয়াদকাল: ----- হতে ----- পর্যন্ত।

৪. কার্যক্রমের সাধারণ কর্মপরিধি: (বিলের চিহ্নিত সীমানায় মৎস্য আহরণের নিয়মকানুন/Fishing Code সংক্রান্ত সিআইজিদলের কার্যনির্বাহী কমিটি কর্তৃক প্রণীত কার্যক্রমের বিশেষ অংশাবলি)

- 
- 
- 
- 
- 
- 
- 

বাস্তবায়নঃ মৎস্য অধিদপ্তর, -----(উপজেলার নাম)-----, -----(জেলার নাম)-----।